

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫২৪০  
বিলোনীয়া, ১৮ মার্চ, ২০২৪

**লোকসভা নির্বাচন ২০২৪**  
**দক্ষিণ ত্রিপুরা জেলায় মোট ভোটার রয়েছেন ৩,৩৮,৫৪৯ জন**

দক্ষিণ ত্রিপুরা জেলায় মোট ভোটার রয়েছেন ৩ লক্ষ ৩৮ হাজার ৫৪৯ জন। তারমধ্যে পুরুষ ভোটার ১ লক্ষ ৭২ হাজার ৩৭১ জন এবং মহিলা ভোটার ১ লক্ষ ৬৬ হাজার ১৭৮ জন। জেলায় ভোটকেন্দ্র রয়েছে ৩৯৯টি। আজ দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসকের কার্যালয়ের কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনে জেলাশাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল এই তথ্য জানান। সাংবাদিক সম্মেলনে জেলা পুলিশ সুপার অশোক কুমার সিনহা উপস্থিত ছিলেন।

সাংবাদিক সম্মেলনে জেলাশাসক জানান, দক্ষিণ ত্রিপুরা জেলার অন্তর্গত ৭টি বিধানসভা কেন্দ্রের মধ্যে ৩৪-রাজনগর (এসসি), ৩৫-বিলোনীয়া এবং ৩৬-শান্তিরবাজার (এসটি) এই ৩টি বিধানসভা কেন্দ্র পশ্চিম ত্রিপুরা লোকসভা কেন্দ্রের অন্তর্গত। ৩৭-ঋষ্যমুখ, ৩৮-জোলাইবাড়ি (এসটি), ৩৯-মনু (এসটি) এবং ৪০-সারুম এই ৪টি বিধানসভা কেন্দ্র পূর্ব ত্রিপুরা লোকসভা কেন্দ্রের অন্তর্গত। এই জেলায় সবথেকে বেশি ভোটার রয়েছে ৩৬-শান্তিরবাজার (এসটি) বিধানসভা কেন্দ্রে। এই কেন্দ্রে ভোটার রয়েছেন ৫০,৯৯৪ জন। সবথেকে কম ভোটার রয়েছেন ৩৫-বিলোনীয়া বিধানসভা কেন্দ্রে। এই কেন্দ্রে ভোটারের সংখ্যা ৪৫,০০৯ জন। জেলায় সবথেকে কম ভোটার রয়েছেন শান্তিরবাজার বিধানসভা কেন্দ্রের ৬৪ নং ভোটগ্রহণ কেন্দ্রে। আকাংমাবাড়ি জেবি স্কুলে এই ভোটকেন্দ্রে ভোটার ২২৮ জন। সবথেকে বেশি ভোটার রয়েছেন সারুম বিধানসভা কেন্দ্রের ৫০ নং ভোটগ্রহণ কেন্দ্র লুধুয়া হাইস্কুলে (পূর্ব / পশ্চিম)। এই ভোটগ্রহণ কেন্দ্রে ভোটার রয়েছেন ১৩৭৮ জন। তিনি জানান, জেলায় দিব্যাঙ্গ ভোটার রয়েছেন ২৮ ১৮ জন এবং ৮৫ বছরের উর্ধ্বে ভোটার রয়েছেন ২৩১৬ জন।

সাংবাদিক সম্মেলনে জেলাশাসক জানান, সচিব ভোটার পরিচয়পত্র ছাড়াও আরও ১২টি নির্বাচন কমিশন কর্তৃক স্বীকৃত পরিচয়পত্র দেখিয়ে ভোটারগণ তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। এবার লোকসভা নির্বাচনে মডেল পোলিং স্টেশন করা হবে ১৪টি। মহিলাদের দ্বারা পরিচালিত ভোটগ্রহণ কেন্দ্র হবে ১৭টি। দিব্যাঙ্গজন পরিচালিত ৭টি এবং যুবকদের দ্বারা পরিচালিত ভোটগ্রহণ কেন্দ্র থাকবে ৭টি। জেলাশাসক জানিয়েছেন, নির্বাচন সংক্রান্ত যে কোনও তথ্য ও অভিযোগ টোল ফ্রি হেল্প লাইন নম্বরে জানানো যাবে। হেল্প লাইন নম্বরটি হলো ১৯৫০। যোগাযোগ করার জন্য নম্বর হলো ০৩৮২৩-২২৪২৪০ এবং হোয়াটস অ্যাপ নম্বর হলো ৮১১৪৮৮৩১৩৬। জেলা পুলিশ সুপার শান্তিপূর্ণভাবে নির্বাচন সম্পন্ন করার জন্য আরক্ষা দপ্তরের বিভিন্ন পদক্ষেপ সম্পর্কেও সাংবাদিক সম্মেলনে সবাইকে অবহিত করেন। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক সুরত রিয়াং, অতিরিক্ত জেলাশাসক (পিপি) হেমেন্দ্র দেববর্মা এবং নির্বাচনের কাজে নিয়োজিত অন্যান্য আধিকারিকগণ।

\*\*\*\*\*